



**করোনা ভাইরাসের কারণে সৃষ্ট পরিস্থিতিতে পণ্যদ্রব্যের অবৈধ মজুদ রোধকল্পে এবং পণ্যদ্রব্যের মূল্য স্থিতিশীল রাখায় করণীয় সংক্রান্ত সভার কার্যবিবরণী**


সভাপতি : প্রিয়াংকা দেবী পাল, উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর।  
স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, বাগাতিপাড়া, নাটোর।  
তারিখ : ১৯.০৩.২০২০ খ্রিঃ  
সময় : বিকাল ৩.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানান। অতঃপর সভাপতি করোনা পরিস্থিতি সম্পর্কে বলেন, করোনা ভাইরাস বর্তমান বিশ্বে মহামারী আকার ধারণ করেছে। বাংলাদেশে এ পর্যন্ত ১৭ জন রোগী করোনা ভাইরাসে আক্রান্ত হবার তথ্য পাওয়া গিয়েছে এবং একজন আক্রান্ত ব্যক্তির মৃত্যু হয়েছে। বর্তমান পরিস্থিতির আলোকে অনেক ব্যবসায়ী এবং মজুদদাররা পণ্যদ্রব্যের অবৈধ মজুদ করছেন এবং অধিক মূল্যে পণ্য বিক্রয় করার সুযোগ গ্রহণ করছেন। তাই বাগাতিপাড়া উপজেলায় যেন এ রকম অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির সৃষ্টি না হয় সে বিষয়ে পৌরসভার মেয়র, ইউপি চেয়ারম্যানগণ ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় বিস্তারিত আলোচনা হয়। অতঃপর সভায় আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

- ১। সকল ইউনিয়ন ও পৌরসভার প্রত্যেক বাজারে কোন ব্যবসায়ী যেন কোনভাবেই পণ্যদ্রব্যের অবৈধ মজুদ এবং অধিক মূল্যে পণ্য বিক্রয় না করতে পারে সে ব্যাপারে পৌরসভার মেয়র এবং ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং কোন ব্যবসায়ী পণ্যদ্রব্যের অবৈধ মজুদ এবং অধিক মূল্যে পণ্য বিক্রয় করলে প্রয়োজনে উপজেলা প্রশাসন কর্তৃক ভ্রাম্যমাণ আদালত পরিচালনার মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ২। কোন ভোক্তা যেন যে কোন পণ্যদ্রব্য প্রয়োজনের তুলনায় অধিক পরিমাণে ক্রয় না করে সে ব্যাপারে প্রত্যেক বাজার কমিটির সভাপতি ও সেক্রেটারী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৩। সকল বাজারের চা স্টলের সামনে বসার বেঞ্চ, টুল, চেয়ার ইত্যাদি পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সরিয়ে রাখার জন্য অনুরোধ করা হলো। এ বিষয়ে প্রত্যেক বাজার কমিটির সভাপতি ও সেক্রেটারী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৪। সকল বাজারের চা স্টল, মুদি দোকান এবং আরো অন্যান্য ব্যবসা প্রতিষ্ঠানে যেন প্রয়োজন ছাড়া অধিক জনসমাগম না ঘটে সে বিষয়ে প্রত্যেক বাজার কমিটির সভাপতি ও সেক্রেটারী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(প্রিয়াংকা দেবী পাল)  
উপজেলা নির্বাহী অফিসার  
বাগাতিপাড়া, নাটোর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বাগাতিপাড়া, নাটোর  
<http://bagatipara.natore.gov.bd>

স্মারক নং- ০৫.৪৩.৬৯০৯.০০০.০১২.০৪৮.২০২০/১

তারিখঃ ০৫ চৈত্র ১৪২৬  
১৯ মার্চ ২০২০

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১. মাননীয় সংসদ সদস্য ৫৮ নাটোর-১ (লালপুর-বাগাতিপাড়া)।
০২. জেলা প্রশাসক, নাটোর।
০৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর।
০৪. উপজেলা .....কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর।
০৫. চেয়ারম্যান সকল ইউপি বাগাতিপাড়া, নাটোর।
০৬. জনাব.....বাগাতিপাড়া, নাটোর।
০৫. অফিস কপি।



(প্রিয়াংকা দেবী পাল)

উপজেলা নির্বাহী অফিসার  
বাগাতিপাড়া, নাটোর  
ফোন নং- ০৭৭২২-৭২০০১।

ই-মেইল- [unobagatipara@mopa.gov.bd](mailto:unobagatipara@mopa.gov.bd)